

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৯.০২.০০৩.২৪ নথির বিষয়: সাপাশো ফেজ-১ ও ২ এর কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের
ডিসেম্বর-২০২৩, জানুয়ারি-২০২৪ ও ফেব্রুয়ারি-২০২৪ অর্থাৎ ০৩ (তিন) মাসের রুটিন মেডিকেল চেক-আপ ও মেডিসিন ক্রয়ের খরচের
প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: সাপাশো ফেজ-১ ও ২ এর কর্মকর্তা-কর্মচারীদের ডিসেম্বর-২০২৩, জানুয়ারি-২০২৪ ও ফেব্রুয়ারি-২০২৪
অর্থাৎ ০৩ (তিন) মাসের রুটিন মেডিকেল চেক-আপ ও মেডিসিন ক্রয়ের খরচের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৪/৩/২৪ ৮:২৯ অপরাহ্ন

সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৫ দয়া করে দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাপাশো ফেজ-১ ও ২ এর আওতায় স্থায়ী ও অস্থায়ী কর্মকর্তা-কর্মচারী, আনসার ও জিফোরএস সদস্য সহ প্রায় ২০০ জন লোক কর্মরত আছেন। পানি পরিশোধনে বিভিন্ন কেমিক্যালস বিশেষত ক্লোরিন, এলাম, লাইম ও পলিমার হ্যান্ডলিং করতে হয়। এছাড়াও ল্যাবরেটরীতে বিভিন্ন ধরনের টেস্টিং এর কাজে Hazardous Toxic কেমিক্যাল, রিয়েজেন্ট ব্যবহৃত হয়। জেনারেটর ও পাম্পিং স্টেশনসমূহে উচ্চমাত্রায় >৮৫ ডেসিবল শব্দের মধ্যে পরিচালন ও রক্ষণাবেক্ষণ কর্মচারীরা কাজ করে থাকে। উপরোক্ত কাজ সম্পাদনের জন্য বিভিন্ন ধরনের স্বাস্থ্য ঝুঁকি আছে। উল্লেখ্য প্লান্ট পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা এবং চিকিৎসকের পরামর্শ নেবার প্রয়োজন আছে। সে লক্ষ্যে সাপাশো ফেজ-১ ও ২ এ কর্মরত সবার স্বাস্থ্য সুরক্ষার জন্য প্রতিমাসে ১ জন দক্ষ মেডিকেল অফিসার দ্বারা রুটিন চেকআপ (রক্তচাপ, ব্লাড গ্লুকোজ লেভেলে, ওজন, শরীরের তাপমাত্রা প্রভৃতি) করানো হয়। কর্মকর্তা-কর্মচারীদের চাহিদা আমলে নিয়ে একজন আউটসোর্স জেনারেল ফিজিশিয়ান কে উক্ত কাজে নিয়জিত করা হয়। তিনি প্রতিমাসে ১ বার স্বাস্থ্য পরীক্ষা করছেন। যার মাধ্যমে প্লান্টে কর্মরত অফিসার, স্টাফ, নিরাপত্তা কর্মী (আনসার ও গ্রুপ ফোর), আউটসোর্স কর্মী ও কোয়ার্টারে বসবাসরত কর্মকর্তা-কর্মচারীদের পরিবারবর্গ উপকৃত হচ্ছেন। উক্ত ফিজিশিয়ানের সম্মানী (যাতায়াতভাতা সহ) প্রতি ভিজিটের জন্য সর্বমোট টাঃ ৩,০০০/- (তিন হাজার টাকা) মাত্র প্রদান করা হয়েছে। এছাড়াও কর্মচারীদের চাহিদার প্রেক্ষিতে কিছু অত্যাবশ্যকীয় ঔষধ ও ডাক্তারের পরামর্শ অনুযায়ী কিছু ড্রেসিং আইটেম সংগ্রহ করা হয়েছে। উপরোক্ত কার্য সম্পাদনের জন্য ক্রমিক নং-৩ একটি প্রাক্কলন তৈরি করা হ'ল। প্রাক্কলিত টাকার পরিমাণ টাঃ ২১,৭০০/- (একুশ হাজার সাতশত) মাত্র। যার বাজেট পাওপশো সার্কেলের ২০২৩-২৪ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের ক্রমিক নং-১৩ কোড ০১-০২-০২৯ (চিকিৎসা খরচ) খাত হতে বহন করা যেতে পারে।



সংযুক্তিসমূহ (৫):

- ১। ০১। ১। পাওপশো সার্কেল এর অনুকূলে ২০২৩-২৪ ইং অর্থ বৎসরের অনুমোদিত বাজেট বরাদ্দের অনুলিপি।
- ২। ০২। ডিসেম্বর-২০২৩ মাসের চিকিৎসাপত্রের অনুলিপি।
- ৩। ০৩। জানুয়ারি-২০২৪ মাসের চিকিৎসাপত্রের অনুলিপি।
- ৪। ০৪। ফেব্রুয়ারি ২০২৪ মাসের চিকিৎসাপত্রের অনুলিপি।
- ৫। ০৫। আলোচ্য কাজের প্রাক্কলন (খরচের হিসাব)।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৪/৩/২৪ ৮:২৯ অপরাহ্ন


নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সাপাশো ফেজ-১ ও ২ এ কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারী, আনসার ও জিফোরএস সদস্যদের ডিসেম্বর-২০২৩, জানুয়ারি-২০২৪ ও ফেব্রুয়ারি-২০২৪ অর্থাৎ ০৩ (তিন) মাসের রুটিন মেডিকেল চেকআপ ও ঔষুধ ক্রয়ের কাজটি পিপিআর ২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট টাঃ ২১,৭০০/- (একুশ হাজার সাতশত) মাত্রের প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উক্ত অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
৪/৩/২৪ ৯:২৯ অপরাহ্ন মোঃ হাফিজুর রহমান পিএ কাম কম্পিউটার অপারেটর পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৪/৩/২৪ ৯:৩১ অপরাহ্ন সৈয়দ আহম্মদ আলী এডমিন ও প্রসেস কো- অর্ডিনেটর সায়োদাবাদ পানি শোধনাগার, ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ	৪/৩/২৪ ৯:৩৪ অপরাহ্ন মোঃ হাসিনুর রহমান ডেপুটি মেইনটেনেন্স ম্যানেজার সায়োদাবাদ পানি শোধনাগার, ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ	৬/৩/২৪ ৮:৫৭ পূর্বাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
			৬/৩/২৪ ৮:৫৭ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৬/৩/২৪ ৯:৫২ অপরাহ্ন

Okay

			
৬/৩/২৪ ৯:৫২ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৭/৩/২৪ ১:৫৪ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৭/৩/২৪ ৮:২৪ অপরাহ্ন সৈয়দ আহম্মদ আলী এডমিন ও প্রসেস কো- অর্ডিনেটর সায়োদাবাদ পানি শোধনাগার, ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ	৭/৩/২৪ ৮:২৪ অপরাহ্ন মোঃ হাফিজুর রহমান পিএ কাম কম্পিউটার অপারেটর পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা